# রাজধানীতে ডিএমপির অভিযানে এক দিনে গ্রেপ্তার ৪৬৬




ছবি: সংগৃহীত

রাজধানীতে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) বিশেষ অভিযানে গত ২৪ ঘণ্টায় ৪৬৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। এ সময় বিভিন্ন অপরাধে ৬৪টি মামলা করা হয়েছে। অভিযানে ককটেল, পেট্রোল বোমা, গান পাউডার, মাদকদ্রব্যসহ বিভিন্ন আলামত উদ্ধার করেছে পুলিশ।

বুধবার (১১ নভেম্বর) সকালে ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মো. আকতার হোসেন এ তথ্য জানান।

তিনি জানান, গ্রেপ্তার ব্যক্তিদের মধ্যে রমনা বিভাগে ৩০ জন, লালবাগে ৪৬, ওয়ারীতে ৫৬, মতিঝিলে ৬৪, তেজগাঁওয়ে ৮০, মিরপুরে ১৩১, গুলশানে ২৯ ও উত্তরা বিভাগে ২২ জন রয়েছেন। এ ছাড়া গোয়েন্দা পুলিশ আটজনকে গ্রেপ্তার করেছে।

অভিযান চলাকালে ১৩টি ককটেল, ৯টি পেট্রোল বোমা, ৯৫০ গ্রাম গান পাউডার, বিস্ফোরিত পেট্রোল বোমার অংশবিশেষ এবং ১৭টি বিস্ফোরিত ককটেলের অংশ উদ্ধার করা হয়। এ ছাড়া ৩ হাজার ৮১ পিস ইয়াবা, ২৪ ক্যান বিয়ার, দুই বোতল বিদেশি মদ, একটি বাস, পাঁচটি মোটরসাইকেল ও ১৪টি মোবাইল ফোন জব্দ করা হয়েছে। এ সময় একজন ভিকটিমকেও উদ্ধার করা হয়।

মঙ্গলবার (১০ নভেম্বর) রাজধানীর বিভিন্ন থানার এলাকায় এ অভিযান চালানো হয়। গ্রেপ্তারের পাশাপাশি বিভিন্ন আলামত ও মাদকদ্রব্য উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে ডিএমপি।